



অস্ট্রেলিয়াতে অভিবাসন সম্পর্কে সহায়তা প্রদান করা

অভিবাসন সংক্রান্ত সহায়তা কী?

অভিবাসন সংক্রান্ত সহায়তা হলো যখন কোনো ব্যক্তি ভিসার আবেদন অথবা অন্যান্য ভিসা সম্পর্কিত বিষয়ে সহায়তা করার জন্য নিম্নলিখিতভাবে অভিবাসন প্রক্রিয়ার জ্ঞান বা অভিজ্ঞতা ব্যবহার করেন:

- ভিসার আবেদন অথবা অন্যান্য কাগজপত্র প্রস্তুত করতে সাহায্য করা অথবা প্রস্তুত করা
- ভিসার আবেদন অথবা ভিসা সম্পর্কিত বিষয়ে পরামর্শ দেওয়া
- ভিসা সম্পর্কিত কোনো বিষয়ে আদালতের অথবা পর্যালোচনা কর্তৃপক্ষের শুনানির জন্য প্রস্তুতি নেওয়া অথবা প্রতিনিধিত্ব করা।

অভিবাসন সংক্রান্ত সহায়তার মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত নয়:

- কোনো আবেদন অথবা অন্যান্য কাগজপত্র প্রস্তুত (অথবা প্রস্তুত করতে সাহায্য) করার জন্য করণিকের কাজ করা, যেমন স্ক্যান করা অথবা কাগজপত্র পোস্ট করা
- অনুবাদ বা দোভাষী পরিষেবা প্রদান করা
- অন্য ব্যক্তিকে এরকম পরামর্শ দেওয়া যে তাকে অবশ্যই ভিসার জন্য আবেদন করতে হবে
- তথ্য সম্পর্কে উল্লেখযোগ্য মন্তব্য অথবা ব্যাখ্যা না দিয়ে তৃতীয় ব্যক্তির তৈরি করা তথ্য প্রদান করা।

অস্ট্রেলিয়াতে অভিবাসন সংক্রান্ত সহায়তা কারা দিতে পারে?

শুধু নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট (registered migration agent), অস্ট্রেলিয়ান লিগাল প্র্যাকটিশনার অথবা একজন অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি অস্ট্রেলিয়াতে আইনগতভাবে অভিবাসন সংক্রান্ত সহায়তা দিতে পারেন।

নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট (registered migration agent)

Office of the Migration Agents Registration Authority (OMARA) এর www.mara.gov.au ওয়েবসাইটে যে Register of Migration Agents আছে সেটিতে তালিকাভুক্ত

হওয়ার জন্য মাইগ্রেশন এজেন্টদেরকে অবশ্যই কিছু নির্দিষ্ট জ্ঞান ও চারিত্রিক শর্তাবলি পূরণ করতে হবে

লিগাল প্র্যাকটিশনার

একজন লিগাল প্র্যাকটিশনার হলেন একজন আইনজীবী যার অস্ট্রেলিয়ায় আইন অনুশীলনের জন্য একটি সনদ রয়েছে। লিগাল প্র্যাকটিশনাররা আইন অনুশীলনের সাথে সংশ্লিষ্টভাবে অভিবাসন সংক্রান্ত সহায়তা প্রদান করতে পারেন।

অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি (Exempt person)

একজন ব্যক্তি আইনগতভাবে অভিবাসন সংক্রান্ত সহায়তা প্রদান করতে পারেন যদি তিনি তার সহায়তার জন্য কোনো ফি না নেন এবং তিনি হলেন:

- ভিসা আবেদনকারীর একজন নমিনেটর, স্পন্সর অথবা ঘনিষ্ঠ পারিবারিক সদস্য
- একজন সংসদ সদস্য, কোনো কূটনৈতিক মিশন, কনসুলার পদ অথবা আন্তর্জাতিক সংস্থার সদস্য
- *Public Service Act 1999*-এর অধীনে নিযুক্ত কোনো ব্যক্তি অথবা কোনো স্টেট বা অঞ্চলের পাবলিক সার্ভিসের কোনো সদস্য যিনি তার চাকরির অংশ হিসেবে অভিবাসন সহায়তা প্রদান করেন
- একজন ব্যক্তি যিনি মন্ত্রীর কাছে জমা দেওয়ার জন্য আবেদন প্রস্তুত করতে বিনামূল্যে সহায়তা প্রদান করেন।

আরো তথ্য

অভিবাসন সংক্রান্ত সহায়তা প্রদানকারীদের সম্পর্কে উদ্বিগ্নতা কিভাবে রিপোর্ট করতে হয় সে বিষয়ে তথ্যসহ অস্ট্রেলিয়াতে অভিবাসন সংক্রান্ত সহায়তা কারা দিতে পারেন সে সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে Department of Home Affairs এর ওয়েবসাইটের [‘Who can help you with your application?’](#) পেইজ দেখুন।

শিক্ষা এজেন্ট (Education agents)

শিক্ষা এজেন্টরা অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি নন এবং আইনগতভাবে অস্ট্রেলিয়ায় অভিবাসন সংক্রান্ত সহায়তা প্রদান করতে পারেন না, যদি না তারা নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট অথবা লিগাল প্র্যাকটিশনার হন।

অভিবাসন সংক্রান্ত বেআইনি সহায়তা প্রদান করার জন্য দণ্ড

একজন ব্যক্তি নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট, লিগাল প্র্যাকটিশনার অথবা অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি না হলে তিনি অস্ট্রেলিয়াতে অভিবাসন সংক্রান্ত সহায়তা প্রদান করাটা একটি অপরাধ হবে।

অভিবাসন সংক্রান্ত বেআইনি সহায়তা প্রদানের জন্য শাস্তি 10 বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে।

অভিবাসন সংক্রান্ত বেআইনি সহায়তা প্রদান সম্পর্কে রিপোর্ট করা

কোনো ব্যক্তি অস্ট্রেলিয়াতে অভিবাসন সংক্রান্ত বেআইনি সহায়তা প্রদান করলে তার বিরুদ্ধে Department of Home Affairs এর ওয়েবসাইটে [Border Watch Online Report](#) ব্যবহার করে রিপোর্ট করতে হবে।